# আল ইরশাদ-সহীহ আকীদার দিশারী

বিভাগ/অধ্যায়ঃ الأصل الخامس: الإيمان باليوم الآخر - পঞ্চম মূলনীতি: শেষ দিবসের প্রতি ঈমান

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ ড. ছলিহ ইবনে ফাওযান আল ফাওযান

ثانيا: عذاب القبر ونعيمه - দ্বিতীয়: কবরের আযাব ও সুখ-শান্তি

উম্মতের সালাফে সালেহীন এবং ইমামগণের মাযহাব হলো, মৃত ব্যক্তিকে যখন কবরে রাখা হয় তখন সে সুখ-শান্তিতে থাকে অথবা আযাবে থাকে। তার দেহ ও রূহ উভয়টিই শান্তি পায় অথবা শাস্তি ভোগ করে। মোটকথা মানুষের রূহ তার দেহ থেকে বিচ্ছিন্ন হওয়ার পরও নিয়ামতপ্রাপ্ত হয় অথবা শাস্তিপ্রাপ্ত হয়। কখনো কখনো রূহ শরীরের সাথে যুক্ত হয় এবং উভয় মিলে সুখ-শান্তি ভোগ করে অথবা আযাব ভোগ করে।

আহলে সুন্নাত ওয়াল জামা'আতের ঐক্যমতে রূহ দেহ থেকে বিচ্ছিন হয়ে একাই শান্তি পায় ও শাস্তি পায় এবং দেহের সাথে মিলিত থেকেও শান্তি পায় অথবা শাস্তি পায়। সুতরাং দেহ এবং রূহ উভয়ই মিলিত অবস্থায় নিয়ামত কিংবা আযাব ভোগ করে। দেহ থেকে বিচ্ছিন্ন থাকা অবস্থাতেও রূহ এর আযাব হয় বা সে নিয়ামত পায়। রূহ ব্যতীত শুধু দেহ কি আযাব বা শাস্তি ভোগ করে? এ ব্যাপারে আহলে সুন্নাত, আহলে হাদীছ ও আহলে কালামদের দু'টি সুপ্রসিদ্ধ মত রয়েছে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13288

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন